# যুব সমাজের অবক্ষয়, কারণ ও প্রতিকার

বিভাগ/অধ্যায়ঃ যুব সমাজের অবক্ষয়ের প্রতিকার

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

হঠাৎ কোনো খারাপ কিছুর দিক দৃষ্টি দেয়া:

অনেক সময় একজন মানুষ এমন কোনো স্থান বা পরিস্থিতির মুখোমুখি হন, তখন ইচ্ছা না থাকলেও নিষিদ্ধ বস্তু সমূহের উপর তার দৃষ্টি পড়ে, যাকে আমরা ‘হঠাৎ দৃষ্টি পড়া’ বলে আখ্যায়িত করে থাকি। এ ধরনের পরিস্থিতিতে করনীয় হল, দৃষ্টিকে সাথে সাথে ফিরিয়ে নেয়া। জাবের রাদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত হাদিসে এসেছে, তিনি বলেন,

سألت رسول الله صلى الله عليه وسلم عن نظر الفجأة فأمرني أن أصرف بصري".

“আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে হঠাৎ দৃষ্টি সম্পর্কে জিজ্ঞেস করলে, তিনি আমাকে আমার চোখ ফিরিয়ে নেওয়ার নির্দেশ দেন।[1] কোনো নিষিদ্ধ বস্তুর উপর দৃষ্টি পড়ার সাথে সাথে দীর্ঘায়িত না করে চোখ ফিরিয়ে নেওয়াই হল, সর্বাধিক উপকারী ও দ্রুত চিকিৎসা। দৃষ্টিকে দীর্ঘায়িত করা হলে অপরাধী ও গুনাহগার বলে সাব্যস্ত হবে। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন,

«يا عليُّ لا تتبع النظرة النظرة فإن لك الأولى وليست لك الآخرة».

“হে আলী, তুমি দৃষ্টির পুনরাবৃত্তি করবে না, কারণ, প্রথম দৃষ্টি তোমার পক্ষে, কিন্তু পরবর্তী দৃষ্টি তোমার জন্য নয়”[2]।

>

ফুটনোট

[1] মুসলিম, হাদিস: ২১৫৯, তিরমিযি, হাদিস: ২৭৭৬

[2] তিরমিযি, হাদিস: ২৭৭৭, আবুদাউদ, হাদিস: ২১৪৯, আহমদ: ২২৯৯১

Source — https://www.hadithbd.com/books/link/?id=10451

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন